কোটচাঁদপুর ২০ পুরি গাঁজাসহ ব্যবসায়ী আটক

গাঁজা “আর খাবো না, মসজিদে ৫ ওয়াক্ত নামাজ পড়ব” বলে ক্ষমা প্রার্থনা! ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুর ইউনিয়নে সাফদারপুর বাজারে ১০০ পুরি গাঁজা এবং মাদক সেবনের সরঞ্জামসহ রিপন নামের এক মাদক ব্যবসায়ী ও সেবনকারীকে হাতেনাতে আটক করেছে স্থানীয় উৎসুক জনতা।

দীর্ঘদিন ধরে এলাকায় মাদক বিক্রি ও সেবনের অভিযোগ ছিল রিপনের বিরুদ্ধে। গতকাল সন্ধ্যা বেলা সাফদারপুর বাজারে গোপন সংবাদের ভিত্তিতে স্থানীয় জনতা তাকে ঘিরে ফেলে। পরবর্তীতে তল্লাশি চালিয়ে তার কাছ থেকে ১০০ পুরি গাঁজা এবং মাদক তৈরির বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়।

জনতার হাতে আটক হওয়ার পর রিপন নিজের ভুল স্বীকার করেন এবং কান্নায় ভেঙে পড়েন। উপস্থিত সবার সামনে হাত জোড় করে তিনি বলেন, ”আমি আর কোনোদিন গাঁজা খাবো না এবং বিক্রিও করবো না। আমাকে একটা শেষ সুযোগ দিন। আমি এখন থেকে সাফদারপুর বাজারের মসজিদে নিয়মিত পাঁচ ওয়াক্ত নামাজ পড়বো এবং ভালো পথে চলবো স্হানীয় জনগণ তাঁকে শেষ বারের মতো ভালো হওয়ার সুযোগ দিয়ে ছেড়ে দেন।

শৈলকুপায় বিএনপি নেতার বাড়িতে মিলল সরকারি সার-বীজ

সরকারি কৃষি প্রণোদনার সার ও ধানবীজ শৈলকুপা উপজেলার মির্জাপুর ইউনিয়নের বিএনপির ১ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল্লাহ মন্ডলের বাড়িতে মজুদ রাখার অভিযোগ উঠে। পরে কৃষি কর্মকর্তা খবর পেয়ে, ওই সার এবং ধানবীজ প্রকৃত গ্রাহকদের মাঝে বিতরণ করেণ।

এ নিয়ে ঝিনাইদহের শৈলকূপা উপজেলায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি

হয়েছে। কৃষি বিভাগ থেকে জানা যায়, তারা অভিযোগ পাওয়ার পর ঘটনাস্থলে গিয়ে ওই বাড়ি থেকেই কৃষকদের মধ্যে সরকারি বরাদ্দের সার ও ধানবীজ বিতরণ করেন। তবে সরকারি কৃষি উপকরণ ব্যক্তিগত বাড়িতে কেন রাখা হয়েছিল,তা নিয়ে এলাকায় নানা প্রশ্ন দেখা দিয়েছে।

মঙ্গলবার (৭ জুলাই) উপজেলার মির্জাপুর ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামে বিএনপির ১ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল্লাহ মন্ডলের বাড়িতে সরকারি বরাদ্দের ৮ বস্তা সার ও ২২ প্যাকেট ধানবীজ রয়েছে এমন সংবাদ এলাকায় ছড়িয়ে পড়লে স্থানীয় বিএনপির নেতাকর্মী, কৃষক ও সাধারণ মানুষ সেখানে জড়ো হন। পরে কৃষি বিভাগকে খবর দেওয়া হলে ওই ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ঘটনাস্থলে গিয়ে তালিকা অনুযায়ী কৃষকদের মধ্যে সার ও ধানবীজ বিতরণ করেন।

স্থানীয়দের অভিযোগ,সরকারি কৃষি উপকরণ নির্ধারিত বিতরণস্থলে না এনে ব্যক্তিগত বাড়িতে রাখা সরকারি বিধি ও স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তৈরি করেছে। তাদের দাবি, বিষয়টি প্রকাশ্যে না এলে হয়তো সরকারি উপকরণ সেখান থেকেই বিতরণ করা হতো না।

ঘটনার বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছেন ভ্যানচালক জাহিদ হোসেন। তিনি বলেন,’সোমবার আমাকে শৈলকূপা উপজেলা থেকে সার আনতে ডাকা হয়। সেখানে লিটন নামে এক ব্যক্তি একটি কার্ড দিয়ে ৮ বস্তা সার, ২২ প্যাকেট ধানবীজ ও কিছু গাছের চারা আমার ভ্যানে তুলে দেন। পরে সেগুলো আব্দুল্লাহ মন্ডলের বাড়িতে পৌঁছে দিই।’

উপজেলা কৃষক দলের সদস্য মোয়াজ্জেম হোসেন বলেন,’আব্দুল্লাহ মন্ডল এর আগেও সরকারি বিভিন্ন বরাদ্দ বাড়িতে এনে রাখতেন। কিছু বিতরণ করে বাকিগুলো বিক্রি করে দিতেন। এবার খবর পেয়ে আমরা সেখানে গিয়ে সরকারি সার ও ধানবীজ পাই। পরে কৃষি বিভাগের কর্মকর্তারা এসে কৃষকদের মধ্যে সেগুলো বিতরণ করেন।’

মির্জাপুর ইউনিয়ন বিএনপির ১ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক ফরিদ মালিথা বলেন,’ওয়ার্ড সভাপতির বাড়িতে সরকারি সার ও ধানবীজ কেন রাখা হয়েছে,তা আমার জানা নেই। সরকারি নিয়ম অনুযায়ী নির্ধারিত স্থান থেকেই বিতরণ হওয়ার কথা। খবর পেয়ে আমরা সেখানে যাই। পরে কৃষি কর্মকর্তাকে জানালে তিনি এসে কৃষকদের মধ্যে বিতরণ করেন। ‘

তবে অভিযোগ অস্বীকার করে আব্দুল্লাহ মন্ডল বলেন,’কৃষি অফিস থেকে সার ও ধানবীজ এনে বাড়িতে রাখা হয়েছিল। সেদিন বৃষ্টির কারণে বিতরণ করা সম্ভব হয়নি। আজ সকালে উপ-সহকারী কৃষি কর্মকর্তা উপস্থিত

হওয়ার পর তাঁর তত্ত্বাবধানে কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে।’

মির্জাপুর ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তা সাকিব হোসেন বলেন,’সকালে খবর পাই আব্দুল্লাহ মন্ডলের বাড়িতে সরকারি সার ও ধানবীজ রয়েছে। পরে সেখানে গিয়ে সরকারি তালিকা অনুযায়ী কৃষকদের মধ্যে সার ও ধানবীজ বিতরণ করা হয়েছে। তবে সরকারি কৃষি উপকরণ ব্যক্তিগত বাড়িতে সংরক্ষণের অনুমতি ছিল কি না, এ বিষয়ে সংশ্লিষ্টদের নিকট থেকে স্পষ্ট কোনো ব্যাখ্যা পাওয়া যায়নি।

ঝিনাইদহে আর্জেন্টিনা-ব্রাজিল সমর্থকদের মধ্যে সংঘর্ষ, আহত ১

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার চাচড়া গ্রামে আর্জেন্টিনা-ব্রাজিল সমর্থকদের সংঘর্ষে মামুন হোসেন নামের (২২) এক যুবক আহত হয়েছেন।

বুধবার (৮ জুলাই) রাত ২ টার দিকে এ ঘটনা ঘটে ।

জানা গেছে, গতকাল রাতে আর্জেন্টিনা-মিশর খেলার শেষ হওয়ার পরে আর্জেন্টিনা-ব্রাজিল সমর্থকরা খেলার রেফারিং নিয়ে তর্কে জড়িয়ে পড়ে এবং হাতিহাতি শুরু হয়। এর পরে তা সংঘর্ষে রুপ নেয় । এ সংঘর্ষের ঘটনায় বেশ কয়েকজন আহত হয়। আহতদেরকে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয় এবং আর্জেন্টিনার সাপোর্টার গুরুতর আহত মামুন হোসেনকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয় ।

কালিগঞ্জ থানা ওসি জেল্লাল হোসেন জানান, এ বিষয়ে এখনও কেউ অভিযোগ দেয়নি । অভিযোগ পেলে তদন্ত স্বাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে ৪ হাজার কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

গ্রীষ্মকালীন শাকসবজির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ঝিনাইদহে ৪ হাজার কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বুধবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি বিভাগের পক্ষ থেকে এ সার ও বীজ বিতরণ করা হয়।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তারেক হাসান, উপজেলা কৃষি কর্মকর্তা-নূর-এ নবী, অতিরিক্ত কৃষি অফিসার জুনাইদ হাবীব, কৃষি সম্প্রসারণ অফিসার মীর রাকিবুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায়, খরিপ মৌসুমে সরকারের প্রণোদনা কর্মসূচির আওতায় গ্রীষ্মকালীন শাকসবজির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার বিভিন্ন গ্রামের ৪ হাজার কৃষকের প্রত্যেককে ৭ প্রকার সবজি বীজ, ১৫ কেজি ডিএপি ও ১৫ কেজি এমওপি সার দেওয়া হয়েছে।

কোটচাঁদপুর পৌরসভার ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ঘোষণা

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভার ২০২৬-২০২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ঘোষণা করা হয়েছে। পৌরবাসীর জীবনমান উন্নয়ন, আধুনিক নাগরিক সেবা নিশ্চিতকরণ এবং টেকসই অবকাঠামো উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে এ বাজেট প্রণয়ন করা হয়েছে।

বুধবার কোটচাঁদপুর পৌরসভা কার্যালয়ে আয়োজিত বাজেট ঘোষণা অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌরসভার প্রশাসক দীপা

রানী সরকার আনুষ্ঠানিকভাবে প্রস্তাবিত বাজেট ঘোষণা করেন।

বাজেট উপস্থাপনকালে তিনি বলেন, নাগরিক সেবার মানোন্নয়ন, পৌর এলাকার সড়ক ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন, নিরাপদ সুপেয় পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার, পরিবেশবান্ধব উদ্যোগ গ্রহণ এবং জনকল্যাণমূলক বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যকে সামনে রেখে এ বাজেট প্রণয়ন করা হয়েছে।

তিনি আরও বলেন, পৌরসভার উন্নয়নে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করার পাশাপাশি সরকারি বরাদ্দের যথাযথ ব্যবহার এবং নিজস্ব রাজস্ব আহরণ বৃদ্ধির মাধ্যমে উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখা হবে। পৌরবাসীর আন্তরিক সহযোগিতা ও অংশগ্রহণ ছাড়া এসব উন্নয়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন সম্ভব নয় বলেও তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর থানার তদন্ত কর্মকর্তা (ওসি-তদন্ত) আনসারুল্লাহ হক, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, উপজেলা জামায়াতের আমির মাস্টার আজিজুল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, পৌর জামায়াতের আমির মাওলানা আব্দুল কাইয়ুম, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভূঁইয়া, এনসিপির প্রতিনিধি হৃদয় আহসান, পৌরসভার বিভিন্ন কর্মকর্তা- কর্মচারী, জনপ্রতিনিধি, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বাজেট ঘোষণা শেষে প্রশাসক দীপা রানী সরকার কোটচাঁদপুর পৌরসভাকে একটি আধুনিক, পরিচ্ছন্ন, নিরাপদ ও নাগরিকবান্ধব পৌরসভা হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন। পাশাপাশি পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে পৌরবাসীর প্রত্যাশা পূরণে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

কোটচাঁদপুর রেলওয়ে স্টেশনে

প্রভাতী ট্রেনের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে রেল যোগাযোগের উন্নয়ন ও যাত্রীসেবার মানোন্নয়নের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান কর্মসূচি পালন করেছে কোটচাঁদপুর রেল যোগাযোগ উন্নয়ন সংগ্রাম কমিটি।

সোমবার আয়োজিত এ কর্মসূচিতে সংগঠনের সভাপতি শরিফুজ্জামান আগা খানের সভাপতিত্বে এবং সদস্যসচিব মনিরুজ্জামানের সঞ্চালনায় বক্তব্য রাখেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও জামায়াতে ইসলামের নায়েবে আমীর মোয়াবিয়া হুসাইন, সাবেক মেয়র ও পৌর বিএনপির সভাপতি সালাউদ্দিন বুলবুল সিডল এবং পৌর মেয়র প্রার্থী শরিফুল ইসলাম।

এ সময় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, সাংবাদিক, সুধীজন ও স্থানীয় বাসিন্দারা মানববন্ধনে অংশ নেন।

বক্তারা কোটচাঁদপুর রেলওয়ে স্টেশনে প্রভাতী ট্রেনের যাত্রাবিরতি চালু, ডাবল রেললাইন নির্মাণ, দ্বিতীয় প্ল্যাটফর্মে যাত্রী ছাউনি নির্মাণ, সাগরদাঁড়ি এক্সপ্রেস পুনরায় চালু এবং দ্বিতীয় ট্রেন সার্ভিস চালুর দাবি জানান।

তারা বলেন, দীর্ঘদিন ধরে কোটচাঁদপুরবাসী উন্নত রেলসেবার দাবি জানিয়ে আসছেন। এসব দাবি বাস্তবায়িত হলে এ অঞ্চলের মানুষের যাতায়াত আরও সহজ হবে, ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি আসবে এবং স্থানীয় উন্নয়নে ইতিবাচক প্রভাব পড়বে।

মানববন্ধন শেষে নেতৃবৃন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ের উপদেষ্টা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবিসংবলিত একটি স্মারকলিপি প্রদান করেন।

কোটচাঁদপুরে জাতীয় পল্লী উন্নয়ন দিবস পালিত

‘উন্নত পল্লী, সমৃদ্ধ দেশ সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পল্লী উন্নয়ন দিবস-২০২৬ পালিত হয়েছে।

সোমবার সকালে দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর যৌথ আয়োজনে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদের মিলনায়তন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দীপা রানী সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভা সঞ্চালনা করেন উপজেলা তথ্য কর্মকর্তা তানিয়া সুলতানা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জামায়াতের পৌর আমির মোহাদ্দিস আব্দুল কাইয়ুম, কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ আনসারুল্লাহ, উপজেলা বিআরডিবি কর্মকর্তা শায়লা শারমিন, এনসিপির ঝিনাইদহ-৩ আসনের অ্যাম্বাসেডর হৃদয় আহম্মেদ এবং শেরখালি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস আলী।

বক্তারা গ্রামীণ উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন এবং টেকসই পল্লী উন্নয়নে সরকারের বিভিন্ন উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন। একই সঙ্গে দেশের সার্বিক উন্নয়নে পল্লী জনগোষ্ঠীর অংশগ্রহণ আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষক, সাংবাদিক, বিআরডিবির সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

জাতীয় পল্লী উন্নয়ন দিবসে সাংবাদিকদের পক্ষ থেকে বক্তব্য দেন দৈনিক সমকালের কোটচাঁদপুর প্রতিনিধি সুব্রত কুমার, উপকারভোগী আকিমুল ইসলাম, রোজিনা খাতুন।

ঝিনাইদহে বিকেএসপির আঞ্চলিক ক্যাম্পাসের স্থান পরিদর্শনে মন্ত্রণালয়ের বিশেষ টিম

ঝিনাইদহে বিকেএসপির আঞ্চলিক ক্যাম্পাসের সম্ভাব্য স্থান নির্ধারণে জায়গা পরিদর্শন করেছেন বিকেএসপি ও ক্রীড়াা মন্ত্রণালয়েনর বিশেষ টিম।

সোমবার (৬ জুলাই) সকালে ঝিনাইদহের শৈলকুপা উপজেলার মহাম্মদপুর, দুধসর-চাঁদপুর আবাসন এলাকা পরিদর্শন করেন পরিদর্শন টিমের সদস্যরা।

পরিদর্শন টিমে ছিলেন বিকেএসপির পরিচালক (প্রশিক্ষণ) কর্ণেল গোলাম মাবুদ হাসান, (পিএসসি)। সেসময় শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মাহফুজুর রহমান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ুন বাবর ফিরোজ পরিদর্শন টিমের সঙ্গে উপস্থিত ছিলেন।

সেসময় শৈলকুপায় বিকেএসপির আঞ্চলিক ক্যাম্পাস নির্মাণের মাধ্যমে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাগুলোর তরুণ প্রতিভাবানরা খেলাধুলা ও শরীরচর্চার প্রাতিষ্ঠানিক শিক্ষা সহজ হবে বলে দাবি করেন স্থানীয় সচেতন নাগরিকরা।

প্রাথমিক পরিদর্শনে দুটি স্থান উপযোগী বলে মনে হয়েছে। মন্ত্রণালয়ে রিপোর্ট জমা দেয়ার পরে দ্রুত তম সময়ে আঞ্চলিক এই ক্যাম্পাসের নির্মাণ কাজ শুরু হতে পারে বলে জানান বিকেএসপির এই কর্মকর্তা।

কোটচাঁদপুরে রুবি বেকারিকে ২০ হাজার টাকা জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে বিভিন্ন অনিয়মের দায়ে রুবি বেকারিকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

রোববার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দীপা রানী সরকারের নেতৃত্বে কোটচাঁদপুর-কালীগঞ্জ সড়কের নওদাগা মাঠ এলাকায় অবস্থিত রুবি বেকারিতে এ অভিযান পরিচালিত হয়।

অভিযানকালে বেকারিতে মেয়াদোত্তীর্ণ খাদ্যপণ্য, সরকারি টিসিবির পণ্য সংরক্ষণ, অস্বাস্থ্যকর পরিবেশ এবং খাদ্য প্রস্তুতকারী কর্মীদের হাতে গ্লাভস ও মুখে মাস্ক না থাকার মতো বিভিন্ন অনিয়ম ধরা পড়ে। এসব অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অনুযায়ী বেকারির মালিক নুরুল ইসলামকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানিটারি ইন্সপেক্টর মুক্তার হোসেন, কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) মুজাহিদুল হাসানসহ পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন।

অভিযোগের বিষয়ে বেকারির মালিক নুরুল ইসলাম নিজেকে নির্দোষ দাবি করে বলেন, তিনি কোটচাঁদপুর শহরের রায় ট্রেডার্স থেকে ময়দা কিনেছেন। সরবরাহকারী যদি মেয়াদোত্তীর্ণ ময়দা দিয়ে থাকেন, তবে তার দায় তাঁর নয়। তবে ময়দার বস্তার মেয়াদ যাচাই না করায় তিনি নিজের ভুল স্বীকার করেন।

সরকারি টিসিবির পণ্য প্রসঙ্গে তিনি বলেন, যে ব্যক্তি তাঁর কাছে এসব পণ্য বিক্রি করেছেন, তিনি একজন সরকারি কর্মকর্তা। তাঁর মোবাইল নম্বর ও পরিচয় তাঁর কাছে রয়েছে। বিষয়টি প্রয়োজন হলে যাচাই করা যেতে পারে। তিনি জানলে কখনোই টিসিবির পণ্য কিনতেন না বলেও দাবি করেন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট দীপা রানী সরকার বলেন, অভিযানে বেকারিতে মেয়াদোত্তীর্ণ খাদ্যপণ্য, সরকারি টিসিবির পণ্য, অস্বাস্থ্যকর পরিবেশ এবং স্বাস্থ্যবিধি না মেনে খাদ্য প্রস্তুতের প্রমাণ পাওয়া গেছে। এসব অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অনুযায়ী ২০ হাজার

টাকা জরিমানা করা হয়েছে।

শৈলকুপায় মসজিদের কমিটি গঠন নিয়ে সংঘর্ষ, আহত ১২

ঝিনাইদহের শৈলকুপায় মসজিদের কমিটি গঠন নিয়ে দুই গ্রামবাসীর সংঘর্ষে অন্তত ১২ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে পাঁচজনকে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

শনিবার (৪ জুন) রাত ৮টার দিকে শৈলকুপা উপজেলার উত্তর মির্জাপুর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, বিত্তিপাড়া জামে মসজিদের পরিচালনা কমিটি গঠন নিয়ে বেশ কিছুদিন ধরে উত্তর মির্জাপুর গ্রাম ও বিত্তিপাড়া গ্রামের দুপক্ষের মধ্যে বিরোধ চলে আসছিল। মসজিদটি দুই গ্রামের মধ্যবর্তী স্থানে হওয়ায় কমিটি গঠন নিয়ে জটিলতা দেখা যায়।

শনিবার রাত ৮টার দিকে উভয় গ্রামের লোকজন এ নিয়ে বাকবিতন্ডায় জড়িয়ে পড়েন। একপর্যায়ে উভয় গ্রামের লোকজনের মধ্যে সংঘর্ষ লেগে যায়। এতে অন্তত ১২ জন আহত হন। আহতদের মধ্যে ৫ জনকে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

তবে আহতদের নাম-পরিচয় নিশ্চিত করতে পারেনি পুলিশ।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির মোল্লা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, মসজিদ পরিচালনা কমিটি গঠন নিয়ে দুই গ্রামের লোকজনের মধ্যে সংঘর্ষ হয়েছে বলে খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ঘটনাস্থলের পাশে পুলিশ ফাঁড়ি রয়েছে। ওই এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি এখন শান্ত রয়েছে বলে তিনি জানান।